AEO(1)
SAPPO
ব্যাপক প্রচার করুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
১৯/০৫/২২

উপজেলা কৃষি অফিস, মুজিবনগর
পত্রপ্রাপ্তি নং...... ২০৭২
তারিখ............
ফাইল নং........ ১৯/৫/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

মেহেরপুর।

www.dae.meherpur.gov.bd

# নিরাপদ আম বাজারজাতকরণ বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী :

সভাপতি ঃ ড. মোহাম্মদ মুনসুর আলম খান, জেলা প্রশাসক, মেহেরপুর

স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মেহেরপুর

তারিখ ঃ ১০-০৫-২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট্য "ক "**

সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে জুম প্লাটফর্মের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি অনুরোধক্রমে সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান যে, ২০২১-২২ রবি মৌসুমে ২/৩ দফা বৃষ্টিপাতের কারণে আমের মুকুল গতবছরের তুলনায় (স্বাভাবিক সময়ের চেয়ে ) ১৫/১৬ দিন পরে এসেছে এবং আম পরিপক্ক হতেও গত বছরের তুলনায় ১৫/১৬ দিন বিলম্ব হবে। কাজেই এ বছর পরিপক্ক আম গাছ থেকে সংগ্রহ করার সময় গত বছরের তুলনায় ১৫/১৬ দিন পরে নির্ধারণ করা প্রয়োজন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হলো :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ক্ষতিকর রাসায়নিক মুক্ত নিরাপদ আম উৎপাদন ও বাজারজাতকরণের স্বার্থে আম সংগ্রহের তারিখ নির্ধারণ, আমে স্প্রে নিয়ন্ত্রণ এবং মনিটরিংসহ সার্বিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ । | ১। সম্পূর্ণ পরিপক্ক হওয়ার শর্তে নিম্নে উল্লেখিত তারিখের পর আম সংগ্রহ করতে হবে : (নিচের সারণি দেখুন) | সংশ্লিষ্ট সকল। |

| ক্র: নং | আমের জাতের নাম | গাছ থেকে আম সংগ্রহ শুরুর তারিখ ২০২২ |
|---|---|---|
| ০১ | আটি / স্থানীয় জাত | ২৫ মে হতে |
| ০২ | বোম্বাই | ২৫ মে হতে |
| ০৩ | হিমসাগর | ২৮ মে হতে |
| ০৪ | গোপাল ভোগ | ০৫ জুন হতে |
| ০৫ | ল্যাংড়া | ০৮ জুন হতে |
| ০৬ | আম্রপলী | ১৫ জুন হতে |
| ০৭ | মল্লিকা | ২০ জুন হতে |
| ০৮ | ফজলী | ৩০ জুন হতে |
| ০৯ | বিশ্বনাথ | ৩০ জুলাই হতে |
| ১০ | আশ্বিনা | ৩০ জুলাই হতে |
| ১১ | বারি আম-৪ | ৩০ জুলাই হতে |

২। উপরের ছকে উল্লেখিত তারিখের পূর্বে যদি কোন আম চাষী/ব্যবসায়ী আম পরিপক্ক হয়েছে বলে মনে করেন, তবে তা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত সম্মতিপত্র গ্রহণ করে গাছ থেকে আম সংগ্রহ করতে পারবেন।

৩। জেলার বাহিরে আম বাজারজাতকরণের ক্ষেত্রে আম চাষীর নাম-ঠিকানা আমের জাত, পরিমান, বাজারজাতরণের স্থান ও আম ব্যবসায়ীর মোবাইল নম্বরসহ নাম ঠিকানা উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার এর যৌথ স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।

৪। আম সংগ্রহের কমপক্ষে ১৫ দিন পূর্ব হতে যে কোন ধরণের স্প্রে বন্ধ করতে হবে এবং স্প্রে করার ১৫ দিনের মধ্যে আম সংগ্রহ করা যাবে না।

৫। গাছে থাকা অবস্থায় অথবা আম সংগ্রহের পর আমে কার্বাইড,ইথিলিন,ইথ্রেল,রাইজার,ইথোকেন বা অন্য যে কোন নামেরই হোক না কেন কোন ক্ষতিকর রাসায়নিক স্প্রে করা যাবে না।

৬। অপরিপক্ক/অস্বাস্থ্যকর আম যাতে কোন অবস্থায় বাজারজাত না হয়, সে জন্য সড়ক ও পার্সেল সার্ভিসগুলো র‌্যাব, পুলিশ, প্রশাসন ও কৃষি বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা হবে।

৭। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যসহ স্থানীয় জনপ্রতিনিধি এবং সকল শ্রেণীর আম ব্যবসায়ী/চাষীদেরকে উপসহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে এ সকল সিদ্ধান্তগুলো দ্রুত প্রচার ও অবহিত করতে হবে। প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমেও প্রচারের ব্যবস্থা নেওয়া যেতে পারে।

৮। আম সংগ্রহ ও বাজারজাতকরণ শেষ না হওয়া পর্যন্ত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৯। নিরাপদ আম উৎপাদন বাজারজাতরণের স্বার্থে উল্লেখিত সিদ্ধান্ত পরিপন্থি কোন কার্যকলাপ সংঘটিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.০৫.২০২২

(ড. মোহাম্মদ মুনসুর আলম খান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলার সার ও বীজ মনিটরিং কমিটি
মেহেরপুর।

স্মারক নং-১২.১৭.৫৭০০.০৪১.১৬.০০৬.২২. ৫১৯ — তারিখঃ ২০/০৫/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর- ১, মেহেরপুর ও উপদেষ্টা জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর।
২. মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর- ২, মেহেরপুর ও উপদেষ্টা জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর।
৩. পরিচালক, সরেজমিন উইং/হর্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪. কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর।
৬. জেলা প্রশাসক, ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর।
৭. পুলিশ সুপার, মেহেরপুর।
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
৯. উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বারাদি মেহেরপুর।
১০. জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মেহেরপুর।
১১. উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
১২. ভারপ্রাপ্ত অধিনায়ক, ৩৫ রাইফেলস ব্যাটেলিয়ান, চুয়াডাঙ্গা।
১৩. উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর।
১৪. উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
১৫. কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, মেহেরপুর।
১৬. সভাপতি, শিল্প ও বণিক সমিতি, মেহেরপুর।
১৭. সভাপতি, মেহেরপুর প্রেসক্লাব।
১৮. সভাপতি/সম্পাদক, আমবাগান মালিক সমিতি/আম চাষী সমিতি, মেহেরপুর।
১৯. জনাব ..............................................................................

20/05/2022

(মোঃ সামছুল আলম)
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
মেহেরপুর
ও
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মেহেরপুর।
ফোন- ০২৪৭৭৭৯২৩৭১